

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

সভার কার্যবিবরণী

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১১.০০১.১২/ ৩৮

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ।
০২ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ অনাবাসিক ব্যক্তির নিকট হতে মুসক আদায় নিশ্চিত করার লক্ষ্যে নিবন্ধন ফরম চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ আবদুল মান্নান শিকদার
সদস্য (মুসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড।
সভার তারিখঃ ১৮ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ (সকাল ০৯.৩০ টা)
সভার স্থানঃ জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫৩৪)।

জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মুসক নীতি) আবদুল মান্নান শিকদার এর সভাপতিত্বে গত ১৮ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৫৩৪) অনাবাসিক ব্যক্তির নিবন্ধন ফরম চূড়ান্তকরণের বিষয়ে পর্যালোচনার লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **সংলাগ-ক** তে উপস্থাপন করা হলো।

০২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি ভ্যাট অনলাইন প্রকল্পের প্রাক্তন প্রকল্প পরিচালক জনাব সৈয়দ মুসফিকুর রহমান কে সভার মূল বিষয়বস্তু সম্পর্কে সভাকে অবহিত করতে অনুরোধ করেন। এ প্রেক্ষিতে তিনি জানান যে, অনাবাসিক ব্যক্তি কর্তৃক অর্থনৈতিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অনাবাসিক ব্যক্তিকে নিবন্ধন প্রদানের জন্য নতুন একটি নিবন্ধন ফরম প্রস্তুত করে জাতীয় রাজস্ব বোর্ড হতে গত ১৭ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে প্রেরণ করা হয়। ফরমটি ভ্যাট অনলাইন প্রকল্পের সিস্টেমের সাথে সামঞ্জস্যপূর্ণ করা প্রয়োজন এবং এতে কি কি তথ্য সন্নিবেশিত থাকা বাঞ্ছনীয় সেটি চূড়ান্ত করা প্রয়োজন।

০৩। সভায় প্রথম সচিব (মুসক নীতি) অবহিত করেন যে, অনাবাসিক ব্যক্তি কর্তৃক বাংলাদেশে সেবা সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য মুসক আদায়ের লক্ষ্যে ব্যক্তির পাশাপাশি প্রতিষ্ঠানকেও মুসক এজেন্টের দায়িত্ব পালনের সুযোগ সৃষ্টি করা হয়। এক্ষেত্রে, অনাবাসিক ব্যক্তি ও মুসক এজেন্ট উভয়েই সামগ্রিক কার্যক্রমের জন্য দায়বদ্ধ হবে। এ বিধানটি দেশীয় মুসক এজেন্টের দায়িত্ব পালন করতে পারে এমন প্রতিষ্ঠান (যেমন: প্রাইস হাউস ওয়াটার কুপার) পরিপালন করতে সমর্থ হবে না মর্মে দাবি করে এ কার্যক্রম থেকে বিরত আছে। ফলে, অনাবাসিক ব্যক্তি এ মুসক নিজেই প্রদান করতে পারে কি-না এ বিষয়টি চিন্তা করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন জানায়। কিন্তু অনাবাসিক ব্যক্তি যেহেতু মুসকের অর্থ তার হাতে পাবে না সেহেতু অনাবাসিক ব্যক্তি কর্তৃক রাজস্ব জমা প্রদান করার সুযোগ নেই। তবে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য সরবরাহকারীর তথ্য ও মুসক এজেন্টের রিটার্ন এ দু'টো তথ্য মিলিয়ে ঠিক পাওয়া প্রয়োজন। তাই এ বিষয় নিশ্চিত করার জন্য অনাবাসিক ব্যক্তির নিবন্ধন গ্রহণ এবং নিবন্ধিত অনাবাসিক ব্যক্তি কর্তৃক মনোনীত মুসক এজেন্টের দাখিলপত্র প্রদান এ দু'টো কার্যক্রম সম্পাদন করা প্রয়োজন।

০৪। সভার এ পর্যায়ে, ভ্যাট অনলাইন প্রকল্পের বর্তমান প্রকল্প পরিচালক কাজী মোস্তাফিজুর রহমান অনাবাসিক ব্যক্তিকে নিবন্ধন প্রদানের ক্ষেত্রে ফরমটির প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি আরো উল্লেখ করেন যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত ফরমটি ইতোমধ্যে ভ্যাট অনলাইন প্রকল্পে পর্যালোচনা করা হয়েছে। নতুন নিবন্ধন ফরমটিতে “The Country of Incorporation”, “Company’s Registration Number Abroad”, “VAT/GST/Sales Tax Registration Number”, “VAT Agent Details” অংশগুলো জাতীয় রাজস্ব বোর্ড প্রণীত ফরমে রয়েছে। এ ফরমটিকে মূসক ফরম ২.৬ নামে অভিহিত করে তথ্যাদি পূরণের সুস্পষ্ট নির্দেশনা যুক্ত করা প্রয়োজন। তাই নতুন একটি ফরম “মূসক ২.৬-VAT Registration Form for Non-Resident” হিসেবে গেজেট আকারে জারি করা যায়। সেক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪ এবং সংশ্লিষ্ট অন্যান্য বিধিসমূহে পরিবর্তন আনতে হবে।

০৫। বর্তমানে মূসক নিবন্ধন পোস্টাল কোড অনুযায়ী হয়ে থাকে। অনাবাসিক ব্যক্তির যেহেতু বাংলাদেশের সীমায় অবস্থান করেন না তাই বাংলাদেশী পোস্ট কোড থাকার সুযোগ নেই। কিন্তু পোস্ট কোড ব্যতীত নিবন্ধনপত্র প্রিন্ট করা যাবেনা। তাই জনাব সৈয়দ মুশফিকুর রহমান সদ্য সাবেক প্রকল্প পরিচালক মহোদয় জানান যে, বাংলাদেশের ভৌগলিক সীমানার মধ্যে অবস্থিত সকল করদাতাদের ভৌগলিক অবস্থানের ভিত্তিতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটসমূহের অধিক্ষেত্রাধীন এলাকাকে চিহ্নিত করা হয়েছে। যেহেতু, “Non Resident Taxpayer” গণ বাংলাদেশের ভৌগলিক সীমার বাহিরে অবস্থিত সেহেতু Taxpayer গণ কোন কমিশনারেটের অধীন নিবন্ধিত হবে তা সুস্পষ্ট নয়। এক্ষেত্রে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর দপ্তর যে ডিভিশন ও সার্কেলে অবস্থিত সে ডিভিশন ও সার্কেলের পোস্টকোড ব্যবহার করে অনাবাসিক ব্যক্তিদের নিবন্ধন দেয়া যায়। এতে মনিটরিং করা সহজ হবে। তাই, জাতীয় রাজস্ব বোর্ড হতে এ বিষয়ক একটি আদেশ জারির আবেদন জানান। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

০৬। সভার এ পর্যায়ে সদস্য (মূসক নীতি) মহোদয় বলেন এ কার্যক্রমকে অধিকতর কার্যকরী করতে প্রয়োজনে আমরা PWC এর মত সংস্থাসমূহের সাথে আলোচনা করতে পারি। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে সহমত পোষণ করেন।

০৭। সার্বিক আলোচনার প্রেক্ষিতে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) যে সার্কেলে অবস্থিত ঐ সার্কেলের পোস্টকোড ব্যবহার করে অনাবাসিক ব্যক্তিদের নিবন্ধনপত্র প্রদানের লক্ষ্যে আদেশ জারি করা হবে;
- (খ) সভার সিদ্ধান্ত মোতাবেক মূসক নীতি অনুবিভাগ অনাবাসিক ব্যক্তির জন্য খসড়া নিবন্ধন ফরম মূসক ২.৬ প্রণয়ন করে কারিগরী কার্যক্রম শুরুর জন্য ভ্যাট অনলাইনে প্রেরণ করবে; এবং
- (গ) অনাবাসিক ব্যক্তি কর্তৃক অর্থনৈতিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অনাবাসিক ব্যক্তিকে নিবন্ধন প্রদানের জন্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হবে। এ বিষয়ে ভ্যাট অনলাইন মূসক নীতি অনুবিভাগকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

০৮। সভায় অন্যকোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/০২ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ

[ড. আবদুল মান্নান শিকদার]

সদস্য (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা)

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১১.০০১.১২/ ৩৯৮-১৫৭

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
০২ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

বিতরণঃ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১-২। সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি)/(মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ যশোর/ সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৫। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।
- ১৬। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে আপলোডকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১৭। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বাক্ষরিত/ ০২ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

[ড. আবদুল মান্নান শিকদার]

সদস্য (মুসক নিরীক্ষা ও গোয়েন্দা)